গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**সংস্থাপন মন্ত্রণালয়**
**পরিবহন অধিশাখা**
www.moestab.gov.bd.

নং ০৫.১২১.০২৬.০০.০০.০৪৮.২০০৪(অংশ-১)-১০৯ তারিখ ঃ ৩০ চৈত্র, ১৪১৬ বাং / ১৩ এপ্রিল, ২০১০ ইং

**প্রজ্ঞাপন**

বিষয় ঃ **সরকারি যানবাহনে জ্বালানী ব্যবহার।**

সরকারি যানবাহনে সিএনজি/জ্বালানী তেল ব্যবহার বিষয়ে সরকার নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করেছে ঃ—

১। সরকারি যানবাহনে এখন থেকে সিএনজি অথবা জ্বালানী তেল এর যে কোন একটি ব্যবহার করা যাবে। প্রাধিকারপ্রাপ্ত সরকারি যানবাহনের ক্ষেত্রে সিএনজি/জ্বালানী তেলের প্রাপ্যতা নিম্নরূপ হবে ঃ—

(ক) সিএনজি জ্বালানীর প্রাপ্যতা-গাড়িপ্রতি মাসিক ৩০০ (তিনশত) ঘনমিটার ;

(১) সিএনজি চালিত যানে রূপান্তরিত ই.এফ.আই./এম.পি.এফ.আই. ইঞ্জিনের গাড়ি চালু করার জন্য মাসিক ৩০ (ত্রিশ) লিটার পেট্রোল/অকটেন বরাদ্দ করা যাবে ;

(২) সিএনজি চালিত যানে রূপান্তরিত কার্বিউরেটর ইঞ্জিনের গাড়ি চালু করার জন্য মাসিক ১৫ (পনের) লিটার পেট্রোল/অকটেন বরাদ্দ করা যাবে ;

(খ) জ্বালানী তেলের ক্ষেত্রে প্রাপ্যতা গাড়িপ্রতি মাসিক ২০০ (দুইশত) লিটার।

২। সরকারি ছুটি দু'দিন হওয়াতে জরুরী অপারেশন কাজ ব্যহত না করে সকল অফিসের ক্ষেত্রে ১০% জ্বালানী ব্যয় হ্রাস করতে হবে।

৩। সংস্থাপন মন্ত্রণালয়ের ২৬/০৯/২০০৪ তারিখের সম(পরিঃ)-সিএনজি-১০/২০০৩-৫০১ এবং ১২/০৩/১৯৯৮ তারিখের সম(পরি)প-১০/৯৭-১৩৭(২০০) নং প্রজ্ঞাপনদ্বয়ের আদেশ এতদ্বারা বাতিল করা হলো।

৪। জনস্বার্থে এ আদেশ জারী করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মাহমুদা খাতুন**
উপ-সচিব।
ফোন নং ৯৫৫৬০১০
dstransport@moestaqb.gov.bd.

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
পরিবহণ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mopa.gov.bd

নং-০৫.০০.০০০০.১২১.১৮.০০৯.১৫-১৬৮

তারিখ : ০৫ পৌষ ১৪২৫ বঙ্গাব্দ / ১৯ ডিসেম্বর ২০১৮ খ্রিষ্টাব্দ

প্রজ্ঞাপন

বিষয় : বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকগণের সরকারি যানবাহনে জ্বালানি তেল/সিএনজি-এর প্রাপ্যতা।

বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকগণের সরকারি যানবাহনে জ্বালানি তেল/সিএনজি ব্যবহারের বিষয়ে সরকার নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করেছে-

বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকগণের ব্যবহৃত সরকারি যানবাহনে জ্বালানি তেল অথবা সিএনজি যে কোন একটি ব্যবহার করা যাবে। বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকগণের জ্বালানি তেল/সিএনজি-এর প্রাপ্যতা নিম্নরূপ :

ক. জেলা প্রশাসক ও বিভাগীয় কমিশনারদের সর্বোচ্চ ২৫০ লিটার পেট্রোল/অকটেন অথবা সর্বোচ্চ ৩৫৮ ঘনমিটার সিএনজি বরাদ্দ করা হলো।

খ. সিএনজিচালিত যানে রূপান্তরিত ইঞ্জিন সচল রাখার স্বার্থে ইত:পূর্বের ইঞ্জিন স্টার্টের তেলের বরাদ্দ অপরিবর্তিত থাকবে।

২। এতে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের সম্মতি রয়েছে।

৩। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
১৯/১২/১৮
(কামরুল হাসান)
উপসচিব
ফোন : ৯৫৪৫৫৩৩

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
৩. মহা হিসাব নিয়ন্ত্রক, মহা হিসাব নিয়ন্ত্রকের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৪. পরিবহন কমিশনার, সরকারি যানবাহন অধিদপ্তর, সচিবালয় লিংক রোড, ঢাকা।
৫. বিভাগীয় কমিশনার (সকল)..................................
৬. মন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৭. জেলা প্রশাসক (সকল) ............................
৮. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৯. সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০. উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।
১১. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয়, ২২ পুরানা পল্টন, ঢাকা।
১২. উপজেলা নির্বাহী অফিসার (সকল) ................
১৩. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক (সকল)........... ..........
১৪. জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)......................
১৫. হিসাবরক্ষণ কর্মকর্তা, সরকারি যানবাহন অধিদপ্তর, সচিবালয় লিংক রোড, ঢাকা।

১৯/১২/১৮
কামরুল হাসান
উপসচিব
ফোন: ৯৫৪৫৫৩৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
পরিবহণ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mopa.gov.bd

-২৫৪-

নং-০৫.০০.০০০০.১২১.১৮.০০৯.১৫-৩৬

তারিখ : ১৮ মাঘ ১৪২৫ বঙ্গাব্দ
৩১ জানুয়ারি ২০১৯ খ্রিষ্টাব্দ

## প্রজ্ঞাপন

বিষয় : বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকগণের সরকারি যানবাহনে জ্বালানি তেল/সিএনজি-এর প্রাপ্যতা।

বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকগণের সরকারি যানবাহনে জ্বালানি তেল/সিএনজি-এর প্রাপ্যতা সংক্রান্ত জনপ্রশাসন মন্ত্রণালয়ের গত ১৯ ডিসেম্বর ২০১৮ খ্রি. তারিখের ০৫.০০.০০০০.১২১.১৮.০০৯.১৫-১৬৮ সংখ্যক প্রজ্ঞাপনে বিভাগীয় কমিশনারদের ক্ষেত্রে প্রযোজ্য অংশটুকু এতদ্বারা বাতিল করা হলো।

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

৩১/০১/২০১৯

(মোহাম্মদ কামাল হোসেন)
উপসচিব
ফোন : ৯৫৪৫৫৩৩

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
৩. মহা হিসাব নিয়ন্ত্রক, মহা হিসাব নিয়ন্ত্রকের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৪. পরিবহন কমিশনার, সরকারি যানবাহন অধিদপ্তর, সচিবালয় লিংক রোড, ঢাকা।
৫. বিভাগীয় কমিশনার (সকল)..................................
৬. মন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৭. জেলা প্রশাসক (সকল) ............................
৮. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৯. সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০. উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।
১১. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয়, ২২ পুরানা পল্টন, ঢাকা।
১২. উপজেলা নির্বাহী অফিসার (সকল) ................
১৩. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক (সকল)........... ..........
১৪. জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল).......................
১৫. হিসাবরক্ষণ কর্মকর্তা, সরকারি যানবাহন অধিদপ্তর, সচিবালয় লিংক রোড, ঢাকা।

৩১/০১/২০১৯

(মোহাম্মদ কামাল হোসেন)
উপসচিব
ফোন : ৯৫৪৫৫৩৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
পরিবহণ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mopa.gov.bd

নং-০৫.০০.০০০০.১২১.১৮.০০৯.১৫-১৬৯

তারিখ : ০৫ পৌষ ১৪২৫ বঙ্গাব্দ
১৯ ডিসেম্বর ২০১৮ খ্রিষ্টাব্দ

প্রজ্ঞাপন

বিষয় : উপজেলা নির্বাহী অফিসারগণের সরকারি যানবাহনে জ্বালানি তেল/সিএনজি-এর প্রাপ্যতা।

উপজেলা নির্বাহী অফিসারগণের সরকারি যানবাহনে জ্বালানি তেল/সিএনজি ব্যবহারের বিষয়ে সরকার নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করেছে-

উপজেলা নির্বাহী অফিসারগণের ব্যবহৃত সরকারি যানবাহনে জ্বালানি তেল অথবা সিএনজি যে কোন একটি ব্যবহার করা যাবে। উপজেলা নির্বাহী অফিসারগণের জ্বালানি তেল/সিএনজি-এর প্রাপ্যতা নিম্নরূপ :

ক. যে সকল উপজেলার ইউনিয়ন সংখ্যা ১০ অথবা এর কম, সে সকল উপজেলার জন্য জ্বালানি তেলের বরাদ্দ ১৮০ লিটারের স্থলে সর্বোচ্চ ২১০ লিটার পেট্রোল/অকটেন অথবা সর্বোচ্চ ৩০০ ঘনমিটার সিএনজি করা হলো।

খ. যে সকল উপজেলার ইউনিয়ন সংখ্যা ১১ থেকে ১৫ পর্যন্ত, সে সকল উপজেলার জন্য জ্বালানি তেলের বরাদ্দ ১৮০ লিটারের স্থলে সর্বোচ্চ ২৩০ লিটার পেট্রোল/অকটেন অথবা সর্বোচ্চ ৩২৮ ঘনমিটার সিএনজি করা হলো।

গ. ১৬ থেকে তদূর্ধ্ব ইউনিয়ন বিশিষ্ট উপজেলার জ্বালানি তেলের বরাদ্দ ১৮০ লিটারের স্থলে সর্বোচ্চ ২৫০ লিটার পেট্রোল/অকটেন অথবা সর্বোচ্চ ৩৫৮ ঘনমিটার সিএনজি করা হলো।

ঘ. সিএনজিচালিত যানে রূপান্তরিত ইঞ্জিন সচল রাখার স্বার্থে ইত:পূর্বের ইঞ্জিন স্টার্টের তেলের বরাদ্দ অপরিবর্তিত থাকবে।

২। এতে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের সম্মতি রয়েছে।

৩। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(কামরুল হাসান)
উপসচিব
ফোন : ৯৫৪৫৫৩৩

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
৩. মহা হিসাব নিয়ন্ত্রক, মহা হিসাব নিয়ন্ত্রকের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৪. পরিবহন কমিশনার, সরকারি যানবাহন অধিদপ্তর, সচিবালয় লিংক রোড, ঢাকা।
৫. বিভাগীয় কমিশনার (সকল)....................................
৬. মন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৭. জেলা প্রশাসক (সকল)...................
৮. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৯. সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০. উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।
১১. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয়, ২২ পুরানা পল্টন, ঢাকা।
১২. উপজেলা নির্বাহী অফিসার (সকল)..............
১৩. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক (সকল).....................
১৪. জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)........................
১৫. হিসাবরক্ষণ কর্মকর্তা, সরকারি যানবাহন অধিদপ্তর, সচিবালয় লিংক রোড, ঢাকা।

কামরুল হাসান
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
পরিবহন শাখা
www.mopa.gov.bd

০৩ ফাল্গুন, ১৪২৬ বঙ্গাব্দ

নং- ০৫.০০.০০০০.১২১.২৬.০০৯.১৫-৫৯ তারিখ : ---------------------------

১৬ ফেব্রুয়ারি, ২০২০ খ্রি.

প্রজ্ঞাপন

সার্বক্ষণিক গাড়ি প্রাধিকারপ্রাপ্ত সরকারের সিনিয়র সচিব/সচিব এবং সচিব পদমর্যাদা সম্পন্ন কর্মকর্তাগণের জন্য সরকার কর্তৃক বরাদ্দকৃত গাড়ির বিপরীতে জ্বালানি তেল/সিএনজি-এর প্রাপ্যতা সর্বোচ্চ ২৫০ লিটার পেট্রোল/অকটেন অথবা ৩৫৮ ঘনমিটার সিএনজি পুনর্নির্ধারণ করা হলো।

০২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

১৬/০২/২০২০

(মোহাম্মদ সাহেদুল ইসলাম)
পরিচিতি নং- ১৫৮৮২
উপসচিব
ফোন : ৯৫৪৫৫৩৩
admintrans@mopa.gov.bd

০৩ ফাল্গুন, ১৪২৬ বঙ্গাব্দ

নং- ০৫.০০.০০০০.১২১.২৬.০০৯.১৫-৫৯ তারিখ : ---------------------------

১৬ ফেব্রুয়ারি, ২০২০ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
২. সিনিয়র সচিব/সচিব ........................................................................ মন্ত্রণালয়/বিভাগ
৩. হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা
৪. পরিবহণ কমিশনার, সরকারি যানবাহন অধিদপ্তর,সচিবালয় লিংক রোড, ঢাকা
৫. উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা (গেজেটে প্রকাশের অনুরোধসহ)
৬. সিনিয়র সিস্টেমস এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।